# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ পানাহার

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এক ব্যাক্তি গাড়ি কিনবে। সে এক গাড়ির ডিলারের কাছে গেল। কিন্তু তার কাছে সেই গাড়ি নেই, যা সে কিনবে। যোগাযোগের মাধ্যমে অন্য ডিলারের কাছ থেকে তাকে গাড়ি নিয়ে দিল নগদ ১ লক্ষ টাকা দামে। তারপর সে তার নিকট থেকে কিস্তি চুক্তিতে ১ লক্ষ ২০ হাজার টাকা নেওয়ার প্রতিশ্রুতি নিল। কিস্তি দিয়ে অতিরিক্ত ওই ২০ হাজার টাকা খাওয়া কি ওই ডিলারের জন্য হালাল?

ওই ২০ হাজার টাকা হালাল নয়। কারণ তা সুদ। যেহেতু তা এক লক্ষ ধার দিয়ে এক লক্ষ ২০ হাজার টাকা নেওয়ার মতোই। পক্ষান্তরে ওই ডিলার যদি ওই গাড়ি কিনে নিজের শো রুমে রেখে ওই ক্রেতাকে কিস্তিতে ওই দামেই বিক্রি করত, তাহলে সুদ হতো না। (ইবনে উসাইমিন)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2246

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন